

**বস্ত্র পরিদপ্তর সম্পর্কিত বর্তমান সরকারের সাড়ে আট বছরে (জানুয়ারি ২০০৯-জুন ২০১৭) সাফল্য:**

❖ বস্ত্র পরিদপ্তরের চলমান উন্নয়ন প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি:

১। “বিনাইদহ টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ স্থাপন” শীর্ষক প্রকল্পটি গত ২২/০৩/২০১১ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। প্রকল্পটির সংশোধিত মেয়াদকাল জুলাই/২০১১ হতে জুন/২০১৮ এবং মোট বরাদ্দ ১২১৫২.০০ লক্ষ টাকা। জুন/২০১৭ পর্যন্ত প্রকল্পটির ক্রমপুঞ্জিত ব্যয় ৬৪৬০.৭২ লক্ষ টাকা এবং মোট কাজের প্রায় ৫৩.১৭% সমাপ্ত হয়েছে।



মাননীয় প্রধানমন্ত্রী গত ০৮ অক্টোবর, ২০১৩ তারিখে টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ বিনাইদহের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন



একাডেমিক ভবন



ছাত্র হোস্টেল

২। “বরিশাল টেক্সটাইল ইনস্টিটিউটকে শহীদ আবদুর রব সেরনিয়াবাত টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজে উন্নীতকরণ” শীর্ষক প্রকল্পটি গত ০৪/০৫/২০১০ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। প্রকল্পটির সংশোধিত মেয়াদকাল জুলাই/২০১০ হতে জুন/২০১৮ এবং মোট বরাদ্দ ১২২০০.০০ লক্ষ টাকা। জুন/২০১৭ পর্যন্ত প্রকল্পটির ক্রমপুঞ্জিভূত ব্যয় ৯০৪৮.৫৩ লক্ষ টাকা এবং মোট কাজের প্রায় ৭৪.১৬% সমাপ্ত হয়েছে।



বি-টাইপ কোয়ার্টার

৩। “৪(চার)টি টেক্সটাইল ইনস্টিটিউট স্থাপন” শীর্ষক প্রকল্পটি গত ১৯/১০/২০১০ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। প্রকল্পটির সংশোধিত মেয়াদকাল নভেম্বর/২০১০ হতে জুন/২০১৯ এবং মোট বরাদ্দ ২৮৪৭৩.০০ লক্ষ টাকা। জুন/২০১৭ পর্যন্ত প্রকল্পটির ক্রমপুঞ্জিভূত ব্যয় ১২৭৫৯.৭২ লক্ষ টাকা এবং মোট কাজের প্রায় ৪৪.৮১% সমাপ্ত হয়েছে।



একাডেমিক ভবন, টেক্সটাইল ইনস্টিটিউট, রংপুর



একাডেমিক ভবন, টেক্সটাইল ইনস্টিটিউট, নাটোর

৪। “শেখ রেহানা টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, গোপালগঞ্জ স্থাপন” শীর্ষক প্রকল্পটি গত ০৫/১১/২০১৩ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। প্রকল্পটির সংশোধিত মেয়াদকাল জুলাই/২০১৩ হতে জুন/২০১৮ এবং মোট বরাদ্দ ১২৯৭৩.১৭ লক্ষ টাকা। জুন/২০১৭ পর্যন্ত প্রকল্পটির ক্রমপুঞ্জিভূত ব্যয় ২৬৫৫.৮৯ লক্ষ টাকা এবং মোট কাজের প্রায় ২০.৪৭% সমাপ্ত হয়েছে।



৫। “গৌরনদী টেক্সটাইল ইনস্টিটিউট স্থাপন” শীর্ষক প্রকল্পটি গত ০৫/১১/২০১৩ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। প্রকল্পটির সংশোধিত মেয়াদকাল জুলাই/২০১৩ হতে জুন/২০১৯ এবং মোট বরাদ্দ ৯৩৭৭.৪৫ লক্ষ টাকা। জুন/২০১৭ পর্যন্ত প্রকল্পটির ক্রমপুঞ্জিভূত ব্যয় ১৫৩৯.৮৫ লক্ষ টাকা এবং মোট কাজের প্রায় ১৬.৪২% সমাপ্ত হয়েছে।

৬। “ভোলা টেক্সটাইল ইনস্টিটিউট স্থাপন” শীর্ষক প্রকল্পটি গত ১৩/০১/২০১৫ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। প্রকল্পটির সংশোধিত মেয়াদকাল জুলাই/২০১৪ হতে জুন/২০১৮ এবং মোট বরাদ্দ ৭২৯২.০০ লক্ষ টাকা। জুন/২০১৭ পর্যন্ত প্রকল্পটির ক্রমপুঞ্জিভূত ব্যয় ৮৮৬.৯৬ লক্ষ টাকা এবং মোট কাজের প্রায় ১২.১৬% সমাপ্ত হয়েছে।

৭। “শেখ রাসেল টেক্সটাইল ইনস্টিটিউট, মাদারগঞ্জ, জামালপুর স্থাপন” শীর্ষক প্রকল্পটি গত ২৪/০৩/২০১৫ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। প্রকল্পটির মেয়াদকাল জানুয়ারি/২০১৫ হতে ডিসেম্বর/২০১৭ এবং মোট বরাদ্দ ৬২৫০.০০ লক্ষ টাকা। জুন/২০১৭ পর্যন্ত প্রকল্পটির ক্রমপুঞ্জিভূত ব্যয় ১০৭৭.৫৭৭ লক্ষ টাকা এবং মোট কাজের প্রায় ১১.৮০% সমাপ্ত হয়েছে।

৮। “শেখ হাসিনা বিএসসি-ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, মেলান্দহ, জামালপুর স্থাপন” শীর্ষক প্রকল্পটি গত ০৪/০৮/২০১৫ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। প্রকল্পটির মেয়াদকাল জুন/২০১৫ হতে জুলাই/২০১৮ এবং মোট বরাদ্দ ১১১৪২.৫৯ লক্ষ কা। জুন/২০১৭ পর্যন্ত প্রকল্পটির ক্রমপুঞ্জিভূত ব্যয় ২৩৪৩.৬৪৮ লক্ষ টাকা এবং মোট কাজের প্রায় ২১.০৪% সমাপ্ত হয়েছে।


৯। “ডঃ এম,এ, ওয়াজেদ মিয়া টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, পীরগঞ্জ, রংপুর স্থাপন” শীর্ষক প্রকল্পটি গত ০৪/০৮/২০১৫ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। প্রকল্পটির মেয়াদকাল জুলাই/২০১৫ হতে জুন/২০১৮ এবং মোট বরাদ্দ ১০৭৪৮.২৪ লক্ষ টাকা। জুন/২০১৭ পর্যন্ত প্রকল্পটির ক্রমপুঞ্জিভূত ব্যয় ৪০০২.৭২ লক্ষ টাকা এবং মোট কাজের প্রায় ৩৭.২৪% সমাপ্ত হয়েছে।

১০। “শহীদ কামরুজ্জামান টেক্সটাইল ইনস্টিটিউট, মান্দা, নওগাঁ স্থাপন” শীর্ষক প্রকল্পটি গত ১৯/০১/২০১৬ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। প্রকল্পটির মেয়াদকাল জুলাই/২০১৫ হতে জুন/২০১৯ এবং মোট বরাদ্দ ৭৪৬২.৪৯ লক্ষ টাকা। জুন/২০১৭ পর্যন্ত প্রকল্পটির ক্রমপুঞ্জিভূত ব্যয় ৯২২.৬৯ লক্ষ টাকা এবং মোট কাজের প্রায় ১২.৩৬% সমাপ্ত হয়েছে।

১১। “বেগম আমিনা মনসুর টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং ইনস্টিটিউট, কাজিপুর, সিরাজগঞ্জ স্থাপন” শীর্ষক প্রকল্পটি গত ১২/০৭/২০১৬ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। প্রকল্পটির মেয়াদকাল জুলাই/২০১৬ হতে জুন/২০১৯ এবং মোট বরাদ্দ ৮৭৪৬.৩২ লক্ষ টাকা। জুন/২০১৭ পর্যন্ত প্রকল্পটির ক্রমপুঞ্জিভূত ব্যয় ৩৭৭.৮০ লক্ষ টাকা এবং মোট কাজের প্রায় ৪.৩২% সমাপ্ত হয়েছে।

❖ বস্ত্র পরিদপ্তরের সমাপ্ত উন্নয়ন প্রকল্পসমূহ:

১। “১০টি টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট স্থাপন ” শীর্ষক উন্নয়ন প্রকল্পটির সংশোধিত মেয়াদকাল জানুয়ারি/২০০৬ হতে জুন/২০১৪ পর্যন্ত। প্রকল্পটি সফলভাবে সমাপ্ত হয়েছে।



০৩ সেপ্টেম্বর, ২০১৩ তারিখ টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট, রামু, কক্সবাজার এর শুভ উদ্বোধন করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী

২। “পাবনা টেক্সটাইল ইনস্টিটিউটকে টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজে উন্নীতকরণ” শীর্ষক প্রকল্পটির সংশোধিত মেয়াদকাল জুলাই/২০০৬ হতে জুন/২০১৫ পর্যন্ত। প্রকল্পটি সফলভাবে সমাপ্ত হয়েছে।

৩। “জোরারগঞ্জ টেক্সটাইল ইনস্টিটিউটকে টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজে রূপান্তরিতকরণ” শীর্ষক উন্নয়ন প্রকল্পটির সংশোধিত মেয়াদকাল জুলাই/২০০৬ হতে জুন/২০১৪ পর্যন্ত প্রকল্পটি সফলভাবে সমাপ্ত হয়েছে।



ওয়ার্কশপ-কাম-লাইব্রেরী ভবন, টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ চট্টগ্রাম

৪। “বঙ্গবন্ধু টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ স্থাপন ” শীর্ষক উন্নয়ন প্রকল্পটির সংশোধিত মেয়াদকাল জুলাই/২০০৬ হতে জুন/২০১৪ পর্যন্ত প্রকল্পটি সফলভাবে সমাপ্ত হয়েছে।



বঙ্গবন্ধু টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, কালিহাতী, টাংগাইল

৫। “বেগমগঞ্জ টেক্সটাইল ইনস্টিটিউটকে টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজে রূপান্তরিতকরণ” শীর্ষক উন্নয়ন প্রকল্পটির সংশোধিত মেয়াদকাল জুলাই/২০১০ হতে জুন/২০১৯ পর্যন্ত। প্রকল্পটি সফলভাবে সমাপ্ত হয়েছে।



গত ১৫.০৩.২০১৭ তারিখে সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ওবায়দুল কাদের-এমপি টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, নোয়াখালী’তে মাল্টিপারপাস ভবন শুভ উদ্বোধন করেন

## বস্ত্র পরিদপ্তর সম্পর্কিতবর্তমান সরকারের সাড়ে আট বছরের উল্লেখযোগ্য কার্যক্রম:

- ১। মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ০২(দুই)টি টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ ও ০১(এক)টি টেক্সটাইল ইনস্টিটিউটসহ মোট ০৩ (তিন)টি শিক্ষা প্রতিষ্ঠান ভিত্তিপ্তর স্থাপন করা হয়েছে
- ২। মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ০৩ (তিন)টি টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট শিক্ষা প্রতিষ্ঠান উদ্বোধন করেছেন।
- ৩। মাননীয় বস্ত্র ও পাটপ্রতিমন্ত্রী ০১(এক)টি শিক্ষা প্রতিষ্ঠান উদ্বোধনকরা হয়েছে।
- ৪। বস্ত্র পরিদপ্তর নিয়ন্ত্রিত শিক্ষা প্রতিষ্ঠান থেকে গত সাড়ে আট বছরে (জানুয়ারি/২০০৯-জুন/২০১৭) পর্যন্ত এসএসসি টেক্সটাইল ভোকেশনাল ১৯৩৬০ জন, ডিপ্লোমা ইন টেক্সটাইল টেকনোলজী ৫১৯৪ জন, বিএসসি ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং ১৪৪১ জন পাশ করেছে।
- ৫। ৩৩৮ জন (রাজস্ব ও উন্নয়ন) জনবল নিয়োগ স্থায়ীকরণ ৪১৭ জন (রাজস্বখাতে), পদ সৃষ্টি ২৫৫ টি, পদোন্নতি ১৪৮ জন, সিলেকশন গ্রেড ২৮৮ জন এবং মানব সম্পদ উন্নয়ন(প্রশিক্ষণ) ১০৬১ জন।
- ৬। ২০১৪ সালে আউট সোর্সিং এর মাধ্যমে ৫৬ জন ৪র্থ শ্রেণির জনবল নিয়োগ করা হয়েছে।
- ৭। ওয়ানস্টপ সার্ভিস সেন্টারের মাধ্যমে শুরু (২৫/০৫/২০১৩) থেকে জুন/২০১৭ পর্যন্ত বস্ত্র শিল্পের পোষকের কাজের আবেদন প্রাপ্তি ২০৬৫১টি, নিষ্পত্তি ২০০১৮টি, অগ্রগতির হার ৯৬.৯৩%।
- ৮। এ পরিদপ্তরের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাগণ জুন/২০১৭ খ্রিস্টাব্দ পর্যন্ত ২৩০০টি টেক্সটাইল বিষয়ক শিল্প কারখানা পরিদর্শন করেছেন।
- ৯। পোষক কর্তৃপক্ষের কাজের শুরু হতে জুন/২০১৭ পর্যন্ত মোট ২.৬৫ কোটি টাকা বিনিয়োগ ফি আদায় করে সরকারি ফান্ডে জমা করা হয়েছে।
- ১০। বিএসসি ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং , ডিপ্লোমা ইন জুট টেকনোলজী এবং ডিপ্লোমা ইন টেক্সটাইল টেকনোলজি ভর্তির আবেদন প্রক্রিয়া ম্যানুয়াল পদ্ধতির পরিবর্তনলাইনে সম্পাদন করা হচ্ছে।
- ১১। ০৬(ছয়)টি বিএসসি টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ প্রতিষ্ঠা করা হয়েছে। ০৩(তিন)টি নতুন টেক্সটাইল ইনস্টিটিউট চালু করা হয়েছে
- ১২। বস্ত্রনীতি-২০১৭ বস্ত্র ও পাট মন্ত্রণালয় কর্তৃকপ্রণয়ন করা হয়েছে।
- ১৩। বস্ত্র আইন ২০১৭ এবং বস্ত্র পরিদপ্তরকে বস্ত্র অঙ্গিপ্তরে উন্নীতকরণের কাজপ্রায় চূড়ান্ত পর্যায়ে রয়েছে।
- ১৪। বস্ত্র পরিদপ্তরে ১৪ জুন, ২০১৭ খ্রিস্টাব্দ থেকে ই-ফাইলিং কার্যক্রম শুরু করা হয়েছে।
- ১৫। ২০১৩-১৪ অর্থবছরে ০৩(তিন)টি, ২০১৪-১৫ অর্থবছরে ০১(এক)টি, ২০১৬-১৭ অর্থবছরে ০১(এক)টি প্রকল্প সফলভাবে সমাপ্ত হয়েছে।
- ১৬। গত ০৬/০৬/২০১৪ তারিখে প্রধানমন্ত্রীর কার্যালয়ের a2i প্রোগ্রামের অধীনস্থ সার্ভিস ইনোভেশনফান্ড এওয়ার্ড পাওয়া গেছে।
- ১৭। প্রধানমন্ত্রীর কার্যালয়ের একসেস টু ইনফরমেশন(a2i) প্রোগ্রামের সার্ভিস ইনোভেশন ফান্ডের অর্থায়নে বস্ত্র পরিদপ্তর কর্তৃক বাস্তবায়িত “Online one click registration & other service delivery by Directorate of Textile by developing an e-center network using ICT” এর আওতায় তৈরীকৃত অনলাইন সফটওয়্যার বস্ত্র পরিদপ্তরের “ই-সেবা” ২৯/১০/২০১৬ তারিখে চালু করা হয়েছে। প্রকল্পটি ২৭/১২/২০১৬ তারিখে জুট ডাইভারফিকেশন প্রমোশন সেন্টারে মাননীয় বস্ত্র ও পাট মন্ত্রী কর্তৃক শুভ উদ্বোধন করা হয়েছে।

স্বা:

০১/১১/১৭

পরিচালক

বস্ত্র পরিদপ্তর, ঢাকা।